থিম স্কুলের প্রচারপত্র

গ্রেড: প্রি-কে থেকে অষ্টম

SY 2021 - 2022 ওপেন এনরোলমেন্ট

7 জানুয়ারী, 2021 - 5 ফেব্রুয়ারী, 2021

অনলাইনে আবেদন করুন:

http://www.yourchoicedekalb.org

স্কুল চয়েস প্রোগ্রামের তথ্য:

http://www.dekalbschoolsga.org/school-choice

স্কুল চয়েস ওপেন এনরোলমেন্ট

সহায়তার স্থান:

1192 Clarendon Avenue,

Avondale Estates, GA 30002

7 জানুয়ারী, 2021 - 5 ফেব্রুয়ারী, 2021

সকাল 9:00 টা – বিকাল 4:00 টা

***বর্তমান অতিমারীর অবস্থার ভিত্তিতে মুখোমুখি সহায়তার তারিখ বদলাতে পারে।*

~~~~~~~~~~~~~~~~~~~~~~~~

স্কুল চয়েস লেট এনরোলমেন্ট:






এলিমেন্টারি স্কুল

- Edward L. Bouie, Sr.
- Marbut
- Narvie J. Harris
- Oakcliff
- Robert Shaw
- Wynbrooke

মিডিল স্কুল

- The Champion School

লটারির ফলাফল যে দিন প্রকাশিত হবে: 26 মার্চ, 2021 বিকাল 5:0 0টা
~~~~~~~~~~~~~~~~~~~~~~~~

BENGALI

থিম স্কুলগুলোর তথ্য

থিম স্কুলের	ঠিকানা	স্কুলের সময়	পরিদর্শনের তারিখ ও সময়	Theme Feeder Schools
Edward L. Bouie Sr. Elementary School **গ্রেড: প্রি-কে- 5**	5100 Rock Springs Road Lithonia, GA 30038 (678) 676-8202	সকাল 7:45টা - দুপুর 2:15টা	ভার্চুয়াল ট্যুর TBA আপডেটের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন	Browns Mill ES Fairington ES Flat Rock ES Murphey Candler ES
Narvie J. Harris Elementary School **গ্রেড: প্রি-কে- 5**	3981 McGill Drive Decatur, GA 30034 (678) 676-9202	সকাল 7:50টা - দুপুর 2:15টা	ভার্চুয়াল ট্যুর TBA আপডেটের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন	Chapel Hill ES Cedar Grove ES Oak View ES
Marbut Elementary School **গ্রেড: প্রি-কে- 5**	5776 Marbut Road Lithonia, GA 30058 (678) 676-8802	সকাল 7:30টা - দুপুর 2:05টা	ভার্চুয়াল ট্যুর TBA আপডেটের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন	Panola Way ES Stoneview ES Woodridge ES
Oakcliff Elementary School **গ্রেড: প্রি-কে- 5**	3150 Willow Oak Way Doraville, GA 30340 (678) 676-3102	সকাল 7:45টা - দুপুর 2:15টা	ভার্চুয়াল ট্যুর TBA আপডেটের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন	Cary Reynolds ES Doraville United ES Hightower ES
Robert Shaw Elementary School **গ্রেড: প্রি-কে- 5**	385 Glendale Road Scottdale, GA 30079 (678) 576-6002	সকাল 7:45টা - দুপুর 2:15টা	ভার্চুয়াল ট্যুর TBA আপডেটের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন	Allgood ES Dunaire ES Indian Creek ES Jolly ES Rowland ES
Wynbrooke Elementary School **গ্রেড: প্রি-কে- 5**	440 Wicksbury Way Stone Mountain, GA 30087 (678) 676-5002	সকাল 7:45টা - দুপুর 2:15টা	ভার্চুয়াল ট্যুর TBA আপডেটের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন	Pine Ridge ES Princeton ES Rock Chapel ES Shadow Rock ES
Champion Middle School **গ্রেড: 6 - 8**	5265 Mimosa Drive Stone Mountain. GA 30087 (678) 875-1502	সকাল 8:50টা - দুপুর 3:50টা	ভার্চুয়াল ট্যুর TBA আপডেটের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন	সমস্ত DeKalb মিডিল স্কুল

ঐতিহ্যগত থিম স্কুলের ইতিহাস

DeKalb County School District-এর প্রথাচলিত থিম স্কুল প্রোগ্রাম 1996 সালে শুরু হয় এবং অভিভাবক ও শিক্ষার্থীদের কাছে শিক্ষার এমন এক পছন্দ নিয়ে আসে যা আগের শিক্ষাগত ফলাফলের উপর নির্ভর করে না। এই প্রোগ্রামটি উচ্চাশা, অভিভাবকদের সম্পৃক্ততা এবং সমস্যাবহুল শিক্ষার অভিজ্ঞতা অর্জন করার ইচ্ছার উপরে নির্ভরশীল। The DeKalb County School District-এর সাতটি প্রথাগত থিম স্কুল রয়েছে যার মধ্যে Edward L. Bouie, Sr., Marbut, Narvie J. Harris, Oakcliff, Robert Shaw, Wynbrooke Traditional Theme Elementary Schools, and Champion Traditional Theme Middle School জর্জিয়ার ডেক্যাল্ব কাউন্টির বিভিন্ন স্থানে অবস্থিত রয়েছে।

প্রথাগত থিম স্কুলের উপাদান

প্রথাগত থিম স্কুল হল কোন কম্যুনিটির মধ্যে থাকা এমন স্কুল যা শিক্ষার্থী ও অভিভাকদের চাহিদা পূরণ করতে পারার মত অনন্য বৈশিষ্ট্যের জন্য পার্শ্ববর্তী অঞ্চলের এলিমেন্টারি স্কুলের শিক্ষার্থীদের বা পুরো স্কুল ডিস্ট্রিক্টের মিডল স্কুলের শিক্ষার্থীদের আকৃষ্ট করে। প্রথাগত থিমের স্কুল শিক্ষার্থীদের ব্যাপক, সুগঠিত পরিবেশে আন্তঃবিষয়ক শিক্ষাগত প্রোগ্রাম অফার করতে ডিজাইন করা হয়। শিক্ষার্থীরা চ্যালেঞ্জিং প্রোগ্রামের সক্রিয়ভাবে অংশগ্রহণ করে, যার মধ্যে বাড়ীর কাজের প্রোজেক্ট এবং বিশ্বের ভাষার সঙ্গে পরিচিতি অন্তর্ভুক্ত রয়েছে। আন্তঃ-পাঠক্রমিক আঙ্গিকের জন্য আরো বেশি গবেষণা কেন্দ্রিক কাজ ও হাতে-কলমে প্রকল্পের ব্যবস্থা করা যায় যার জন্য সমস্যা সমাধান এবং জটিল চিন্তাভাবনা করা দরকার। পিতামাতারা এই প্রোগ্রামের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ কেননা তাঁরা নির্দেশনামূলক প্রোগ্রাম বলবতকরণে কাজ করবেন এবং স্কুলকে সহায়তা করবেন।

প্রথাগত এলিমেন্টারি থিম স্কুলের জন্য ফীডার স্কুল

প্রথাগত এলিমেন্টারি থিম স্কুল প্রধানতঃ এমন স্কুল থেকে শিক্ষার্থী পায় যেগুলিতে স্থানাভাব রয়েছে। ঠিক পার্শ্ববর্তী কম্যুনিটিতে থাকা ত্রাণের সবথেকে বেশি দরকার থাকা এলিমেন্টারি স্কুলগুলি এলিমেন্টারি থিম স্কুলের ফীডার স্কুল হিসাবে কাজ করবে। কোন ফীডার স্কুলের ভর্তি কমে গেলে, ফীডার স্কুলটি আর থিম ফীডার সাইট হিসাবে কাজ করতে পারবে না। এই সিদ্ধান্তটি বার্ষিকভাবে নেওয়া হয়। থিম মিডল স্কুলটি পুরো DeKalb County School District থেকে শিক্ষার্থী পায়।

প্রথাগত থিম স্কুলের বিশেষ বৈশিষ্ট্য

- অভিভাবকের সম্পৃক্ততার প্রয়োজন
- কোর বিষয়সমূহে জোর দেওয়া
- উচ্চমানের পঠন মান ও প্রত্যাশা
- বিশ্ব ভাষার সঙ্গে পরিচিতি
- কঠোর আচরণবিধি
- প্রয়োজনীয় অভিন্ন / কঠোর পোষাক কোড
- জটিল চিন্তাভাবনা এবং সমস্যার সমাধানে জোর দেওয়া
- অটোমেটেড রিডিং প্রোগ্রাম (প্রাথমিক স্কুল)
- প্রয়োজনীয় গ্রীষ্মকালীন পঠন এবং গণিতের কাজ
- প্রয়োজনীয় চ্যালেঞ্জিং প্রতিদিনের হোমওয়ার্ক
- টিউটোরিয়াল প্রোগ্রাম
- কার্যকলাপ ভিত্তিক নির্দেশনা
- এজেন্ডা প্ল্যানার
- আন্তর্বিষয়ক নির্দেশ

প্রথাগত থিম স্কুলের নির্দেশিকা

- অভিভাবক এবং শিক্ষার্থীদের কাছ থেকে এক বছরের জন্য এনরোলমেন্টের দায়বদ্ধতা থাকা প্রত্যাশিত
- একবার ভর্তি নেওয়া হলে, কোন শিক্ষার্থীকে অবশ্যই তার প্লেসমেন্ট বজায় রাখার জন্য স্কুলের প্রথম দিনে উপস্থিত থাকতে হবে
- অভিভাবকদেরকে অবশ্যই থিম স্কুলে ভর্তি থাকা শিক্ষার্থীদের জন্য অভিভাবক নিয়োজনের কাজের সময় সম্পূর্ণ করতে হবে। যদি ভাইবোনরা কোন থিম এলিমেন্টারি স্কুলে ও থিম মিডল স্কুলে একইসঙ্গে ভর্তি হয়, তাহলে অভিভাবকরা অভিভাবক নিয়োজন কাজের ঘন্টার জন্য ক্রেডিট পেতে প্রত্যেকটি স্কুলে অভিভাবক নিয়োজন কাজের সময়ের 50% সম্পূর্ণ করবেন।
- শিক্ষার্থীরা যে থিম স্কুলে ভর্তি হবে সেই স্কুলের মনোনীত ইউনিফর্ম পরাটা আবশ্যিক।
- ভর্তি থাকা চালিয়ে যাওয়া থিম স্কুলের নিয়মনীতি এবং প্রয়োজনীয়তা পূরণের উপর নির্ভরশীল, যার মধ্যে অভিভাবক নিয়োজনের সময় সম্পূর্ণ করা এবং শিক্ষার্থীর উপস্থিতিও অন্তর্ভুক্ত রয়েছে।
- শিক্ষার্থীর সামর্থ্য অনুযায়ী স্কুলের সব কাজ সম্পূর্ণ করার চেষ্টা করতে হবে।
- নিয়মিত এবং সময় মত স্কুলে আসতে হবে। অত্যধিক অনুপস্থিত থাকা এড়াতে হবে।
- স্কুলের শেষে বা স্কুলের কোন অনুমোদিত কার্যকলাপের অংশ নিলে সেটি শেষ হওয়ার পরে সত্বর স্কুলের প্রাঙ্গণ ছেড়ে চলে যেতে হবে।
- স্কুলের মত উপযুক্ত আচরণ করতে হবে।
- বর্তমানে ভর্তি থাকা এবং বাধ্যতা পূরণ করা শিক্ষার্থীরা সেই থিম স্কুল প্রোগ্রামে অংশগ্রহণ করা চালিয়ে যেতে পারে।
- যখন কোন থিম স্কুলের প্লেসমেন্ট বাতিল করা হবে বা নির্ধারিত রেজিস্ট্রেশন তারিখের মধ্যে পূরণ করা হবে না, তখন শিক্ষার্থীকে আবশ্যিকভাবে পরবর্তী ভর্তির পর্ব খুললে তখন আবেদন করতে হবে।

এই নির্দেশিকাগুলি যতক্ষণ পূরণ করা হচ্ছে ততক্ষণ ভর্তি হওয়া শিক্ষার্থীরা স্কুল থেকে সফল অভিজ্ঞতা লাভ করতে পারবে। এই চাহিদাগুলি পূরণ না করা হলে, শিক্ষার্থীকে তার ঘরের উপস্থিতি অঞ্চলের স্কুলে যেতে হবে।

নির্বাচন প্রক্রিয়া সামগ্রিক চিত্র
প্রথাগত থিম স্কুলের আবেদনকারীরা একটি স্বয়ংক্রিয় নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত হবে। যদি আসন সংখ্যার থেকে আবেদনকারীর সংখ্যা বেশি হয়ে যায় তাহলে যেসব শিক্ষার্থীদের নির্বাচন করা হল না তাদেরকে অপেক্ষা তালিকায় রাখা হবে। যদি আসন সংখ্যার থেকে আবেদনকারীর সংখ্যা কম হয়, তাহলে DeKalb County School District সব যোগ্য আবেদনকারীকে থিম স্কুলে ভর্তি নেবে। এই পরিস্থিতিতে, সময়সীমা পেরিয়ে যাওয়ার পরে জমা দেওয়া আবেদনগুলি বিবেচনা করে দেখা হবে। নির্বাচিত এবং অপেক্ষা তালিকায় থাকা আবেদনকারীরা স্বয়ংক্রিয় নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে বিজ্ঞপ্তি পাবে।

থিম স্কুলে আবেদন করার যোগ্যতা

- DeKalb, বর্তমান, বেসরকারী এবং হোম স্কুলের সব শিক্ষার্থী, যারা পঞ্চম শ্রেণীর মাধ্যমে প্রিকিন্ডারগার্টেনে ভর্তি হবে এবং শনাক্ত করা থিম ফীডার এলিমেন্টারি স্কুল উপস্থিতির অঞ্চলে বাস করে, তারা লটারিতে অংশগ্রহণের যোগ্য এবং মনোনীত প্রথাগত থিম এলিমেন্টারি স্কুলে ভর্তির আবেদন করতে পারে। তারা অবশ্যই আবেদনের সময়সীমায় বা তার আগেই স্কুল চয়েস অনলাইন আবেদনটি সম্পূর্ণ করবে এবং জমা দেবে।

- DeKalb, বর্তমান, বেসরকারী, এবং হোম স্কুলের যে সব শিক্ষার্থীরা 6, 7, এবং 8 গ্রেডে ভর্তি হবে ও DeKalb County School District-এ বাস করে, তারা প্রথাগত থিম মিডল স্কুলে ভর্তির জন্য আবেদন করতে পারে। তারা অবশ্যই আবেদনের সময়সীমায় বা তার আগেই স্কুল চয়েস অনলাইন আবেদনটি সম্পূর্ণ করবে এবং জমা দেবে।

- কোন থিম স্কুলে ভর্তি থাকা শিক্ষার্থীর ভাইবোনেরা নির্বাচন প্রক্রিয়ার যোগ্য হবে যদি অভিভাবকরা সেই শিক্ষার্থীর জন্য ওপেন এনরোলমেন্ট সেশন চলাকালীন থিম স্কুলের আবেদন সম্পূর্ণ করেন। এবং যদি সেই শিক্ষার্থী মনোনীত থিম স্কুলে ভর্তি হওয়ার যোগ্য হন।

- যখন কোন স্কুল আর ফীডার স্কুল থাকে না, তখন এই ফীডার স্কুলটি থেকে আসা নতুন শিক্ষার্থীদের ভর্তি করা হবে না: যাইহোক, ফিরে আসা শিক্ষার্থীদের ভাইবোনেরা মনোনীত থিম স্কুলে ভর্তি হতে পারে।

স্কুলের সময় এবং স্কুলের বছর
প্রথাগত থিম স্কুলের কাজের সময় এবং স্কুলের ক্যালেন্ডার সচরাচর স্কুল সিস্টেমের অনুরূপই হয়ে থাকে। ঐচ্ছিক সম্প্রসারিত দিনের প্রোগ্রাম, কার্যকলাপ এবং প্রশিক্ষণ উপলভ্য হতে পারে।

পরিবহন
বর্তমানে DeKalb কাউন্টি পরিবহণ নীতি অনুসরণ করা হবে। অভিভাবকরা, অনুগ্রহ করে মনে রাখবেন যে এলিমেন্টারি থিম স্কুলের শিক্ষার্থীদের পরিবহণের বিষয়টি বর্তমানে যেরকমভাবে তৈরী করা আছে সেভাবেই দেওয়া হবে। এলিমেন্টারি থিম স্কুলের শিক্ষার্থীরা পার্শ্ববর্তী অঞ্চল থেকে মনোনীত থিম স্কুল অবধি পরিবহণ পাওয়া চালিয়ে যাবে। বর্তমানে Champion Theme Middle School যা গঠন আছে সেই অনুসারে পরিবহণ পরিষেবা চালু থাকবে। বর্তমান স্কুল বর্ষ চলাকালীন, মিডল স্কুলের শিক্ষার্থীরা Champion Theme Middle School-এ যাওয়ার পরিবহনের জন্য নির্বাচিত স্যাটেলাইট পিকআপ স্থানের কথা জানাবে।

থিম স্কুলের শিক্ষার্থীদের ভাইবোন
প্রিকিন্ডারগার্টেনে 4,6, 7ম গ্রেডে ভর্তি শিক্ষার্থীদের ভাইবোনদেরকে একই স্কুলে ভর্তি নেওয়া যেতে পারে যদি অভিভাবক ভর্তির আবেদন করেন এবং আসন উপলভ্য থাকে। যদি ভাইবোনদের প্লেসমেন্ট উপলব্ধ না থাকে, তাহলে প্রত্যেক ভাইবোনকে লটারিতে নির্বাচিত ক্রম অনুসারে অপেক্ষা তালিকায় রাখা হবে। **অনুগ্রহ করে মনে রাখবেন এই বন্দোবস্তটি প্রিকিন্ডারগার্টেনের আবেদনকারী বা 5ম অথবা 8ম গ্রেডে ভর্তি শিক্ষার্থীর ভাইবোন অথবা দেরীতে আবেদনকারীদের ক্ষেত্রে খাটে না।**

একই স্কুল ও গ্রেড স্তরের জন্য আবেদনকারী ভাইবোনেরা, যাদের জন্ম তারিখ একই, তাদেরকে অভিভাবক/বাবা-মায়ের বিচারে একই সাথে প্লেসমেন্ট দেওয়ার কথা ভাবা হতে পারে যদি একজন ভাইবোনকে নির্বাচন করা হয় ও আসন উপলব্ধ থাকে। আবেদন ফরমে “ভাইবোন বর্তমানে কোন থিম স্কুলের জন্য আবেদন করছে” কথাটি লিখে দেওয়া এবং প্রত্যেক ভাইবোনের জন্য চাওয়া তথ্য দেওয়ার দায়িত্ব অভিভাবক/বাবা-মায়ের।

আবেদনপত্রে ভাইবোন সম্পর্কিত কোন স্থিতি নির্দেশ করতে না পারলে এই বন্দোবস্তটি ভর্তির আবেদন করা কোন ধরনের ভাইবোনের উপরেই খাটবে না। ভাইবোনকে ভর্তির জন্য আবেদন করা একক শিক্ষার্থী হিসাবে লটারিতে ফেলা হবে। ভাইবোনের জন্য অগ্রাধিকার পেতে, একই অভিভাবককে আবশ্যিকভাবে একই অভিভাবকের অ্যাকাউন্ট থেকে সব ভাইবোনের জন্য আলাদা আলাদা আবেদন সম্পূর্ণ করতে হবে।

এই বন্দোবস্তের জন্য “ভাইবোন” বলতে এমন কোন পরিবারের সদস্যকে বোঝায় যে একই বাড়িতে থাকে এবং যার জন্য বাবা-মা(রা) আইনি অভিভাবক হিসাবে রয়েছেন। আইনি নথিপত্র দেওয়া আবশ্যিক।

পূর্ণ-সময়ের কর্মীদের সন্তান
নিম্নলিখিত বন্দোবস্তগুলি শুধুমাত্র এমন শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য হবে যাদের তত্ত্বাবধানকারী বাবা মা অথবা আইনি অভিভাবক ডিস্ট্রিক্টটির একজন পূর্ণ সময়ের কর্মী। এই বন্দোবস্তগুলি প্রি-কে প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

থিম স্কুল এবং ম্যাগনেট প্রোগ্রাম সংক্রান্ত নীচে দেওয়া অনুচ্ছেদ 3 ও 4-এর শর্তসাপেক্ষে, কোন শিশুর তত্ত্বাবধায়ক বাবা মা অথবা আইনি অভিভাবক ডিস্ট্রিক্টের পূর্ণ সময়ের কর্মী হলে সে এমন স্কুলে ভর্তি হতে পারে যেখানে তার বাবা মা অথবা আইনি অভিভাবক কাজ করেন; বা যদি শিশুটির কোন ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম ("IEP") থাকে, তাহলে এমন কোন ডিস্ট্রিক্ট স্কুলে ভর্তি হতে পারে, যা শিশুটির IEP যথাযথভাবে আরোপ করতে পারে। সন্তানকে ভর্তি করানোর আগেই অফিস অফ স্টুডেন্ট অ্যাসাইনমেন্টকে জানিয়ে রাখা আবশ্যিক। ডিস্ট্রিক্টের তরফ থেকে পরিবহণ প্রদান করা হবে না, টিউশনের জন্য কোন টাকা লাগবে না এমনকি যদি কর্মী ও তাঁর সন্তান অন্য কোন স্কুল ডিস্ট্রিক্টেও বাস করেন। এই বিকল্পটি শুধুমাত্র স্কুলে কাজ করা কর্মীদের জন্যই উপলব্ধ থাকবে।

থিম স্কুল এবং ম্যাগনেট প্রোগ্রাম সংক্রান্ত নীচে দেওয়া অনুচ্ছেদ 3 ও 4-এর শর্তসাপেক্ষে, কোন শিশুর তত্ত্বাবধায়ক বাবা মা অথবা আইনি অভিভাবক ডিস্ট্রিক্টের পূর্ণ সময়ের কর্মী হলে সে এমন স্কুলে ভর্তি হতে পারে, যে স্কুলটি তার অভিভাবকের কাজের স্কুলের ভার্টিকাল ফীডার ধাঁচের মধ্যেই পড়ে; বা, যদি শিশুটির কোন IEP থাকে, তাহলে এমন কোন ডিস্ট্রিক্ট স্কুলে ভর্তি হতে পারে, যা শিশুটির IEP যথাযথভাবে আরোপ করতে পারে। সেন্ট্রাল অফিসের কর্মীরা কর্মীর কাজের স্থানের ভার্টিকাল ফীডারের ধাঁচে পড়া ফীডার স্কুলগুলিতে যেতে পারেন। উপ-অনুচ্ছেদটিতে বর্ণিত সুযোগসুবিধা পেতে ইচ্ছুক কর্মীকে অফিস অফ স্টুডেন্ট অ্যাসাইনমেন্টকে জানাতে হবে, যেটি সুপারিন্টেন্ডেন্টের প্রকাশিত ও জারী করা সময়সূচি অনুসারে হয়, যাতে ডিস্ট্রিক্ট ও আলাদা আলাদা স্কুলের পরিকল্পনার চাহিদাগুলি দেওয়া থাকে; তবে তা এই শর্তসাপেক্ষে যে এইরকম সময়সূচি নতুন নিযুক্তদের কথাও তুলে থাকবে যাঁরা নিজেদের নিয়োগের তারিখের জন্য এইরকম সময়সূচি মেনে চলতে বাধ্য থাকবেন, এবং অধিকন্তু প্রথম বছরে এইরকম সময়সূচির বাস্তবায়ন এই নীতির তারিখের প্রয়োজনীয়তা অনুসারে এমনভাবে সংশোধন করা হবে যাতে 2021-22 স্কুল বর্ষের জন্য সব যোগ্য বর্তমান কর্মীদেরকে তার আওতায় আনা যায়। ডিস্ট্রিক্টের তরফ থেকে পরিবহণ প্রদান করা হবে না। টিউশনের জন্য কোন টাকা লাগবে না এমনকি যদি কর্মী ও তাঁর সন্তান অন্য কোন স্কুল ডিস্ট্রিক্টেও বাস করেন। এতদ্দ্বারা যেসব শিক্ষার্থীরা কোন ফীডার ধাঁচের স্কুলে উপস্থিত থাকার অনুমতি পাবে তাদেরকে স্কুলে ভর্তি থাকার জন্য আবশ্যিকভাবে স্কুল এবং ডিস্ট্রিক্ট অনুমোদিত আচরণ, উপস্থিতি ও সময়নিষ্ঠতার আদর্শ বজায় রাখতে হবে।

এই বন্দোবস্তের অধীনে থিম স্কুলে ভর্তি হতে চাওয়া শিশুদের লটারিতে প্রবেশ করা এবং সেই স্কুলের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য ভর্তির প্রক্রিয়া মেনে চলা আবশ্যিক। ডিস্ট্রিক্টের তরফ থেকে পরিবহণ প্রদান করা হবে না। টিউশনের জন্য কোন টাকা লাগবে না এমনকি যদি কর্মী ও তাঁর সন্তান অন্য কোন স্কুল ডিস্ট্রিক্টেও বাস করেন।

থিম স্কুলের আবেদন প্রক্রিয়া
ব্যক্তিগত কম্পিউটার, স্থানীয় লাইব্রেরীর কম্পিউটার ব্যবহার করে **http://yourchoicedekalb.org** থেকে অথবা **স্কুল চয়েস প্রোগ্রাম অফিসে** অনলাইনে আবেদন সম্পূর্ণ করুন।

আবেদনটি সম্পূর্ণ করার জন্য **আবেদনের সাথে** সব নথির নকল (বাসস্থানের প্রমাণ, জন্ম শংসাপত্র, রিপোর্ট কার্ড, ইত্যাদি) সময়সীমার মধ্যে জমা দেওয়া/আপলোড করা বাবা মা/আইনি অভিভাবকের দায়িত্ব। সময়সীমার মধ্যে সহায়ক সব নথিগুলি স্কুল চয়েস অফিসে জমা না পড়লে আপনার আবেদনটিকে সম্পূর্ণ বলে গণ্য করা হবে **না**। **জমা দেওয়া সব নথিগুলি DeKalb County School District-এর সম্পত্তিতে পরিণত হয়।**

DeKalb County School District-এ ভর্তি নয় এমন আবেদনকারীরা অবশ্যই বাসস্থানের প্রমাণ দেবেন (বর্তমান গ্যাস, বিদ্যুত, জলের বিল, বন্ধকের কাগজপত্র, বা বাবা মা অথবা আইনি অভিভাবকের নামে ইজারার চুক্তি)। **বাসস্থানের প্রমাণ হিসাবে টেলিফোনের বিল, ব্যাঙ্কের স্টেটমেন্ট, কেবিলের বিল ইত্যাদি স্বীকার করা হবে না।**

DeKalb County School District-এ ভর্তি নয় অথচ প্রথম গ্রেডের মাধ্যমে প্রিকিন্ডারগার্টেনে আবেদন করা সব শিক্ষার্থীদেরকে আবেদনের প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য অবশ্যই জন্ম শংসাপত্রের একটি নকল দিতে হবে।

DeKalb County School District-এ ভর্তি নয় এবং বর্তমানে গ্রেড 1-7 থাকা সব শিক্ষার্থীদেরকে আবশ্যিকভাবে আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ করতে সবথেকে সামাপ্রতিক রিপোর্ট কার্ডটি দিতে হবেষ

স্বয়ংক্রিয় লটারি/নির্বাচন প্রক্রিয়া

যদি আবেদনকারীর সংখ্যা কোন থিম স্কুলের সব বা কোন গ্রেডের জন্য ফীডার স্কুলগুলিতে উপলব্ধ আসন সংখ্যার থেকে বেশি হয়ে যায়, তাহলে DeKalb County School District Administrative and Instructional Complex-এ হওয়া একটি স্বয়ংক্রিয় নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে থিম স্কুলের আবেদনকারীরা নির্বাচিত হবে। ভর্তি হয়নি যেসব আবেদনকারীদের তাদেরকে সব আবেদনকারীকে স্থান না দেওয়া পর্যন্ত অপেক্ষা তালিকায় রাখা হবে। **স্বয়ংক্রিয় নির্বাচন প্রক্রিয়ায় কোন ত্রুটি দেখা দিলে, স্বয়ংক্রিয় নির্বাচন প্রক্রিয়াটি আবার করা হবে এবং প্রারম্ভিক নির্বাচন অথবা অপেক্ষা তালিকার সংখ্যাটি নতুন নির্বাচন প্রক্রিয়ার পরে পাল্টাতে পারে।**

আসন বিতরণ

এলিমেন্টারি থিম স্কুল
প্রত্যেক স্কুল বর্ষে থিম স্কুল পিছু মোট আসন সংখ্যা গ্রেড স্তর পিছু কত হবে তা লটারির আগে নির্ধারণ করা হয়।

বোর্ড নীতি JBCC-র উপর নির্ভর করে, পূর্ণ সময়ের কর্মীদের গ্রেড K - 5-এ পড়া সন্তানরা আসন উপলব্ধ হলেই তাতে স্থান পাবে। যদি কর্মীদের সব সন্তানের জন্য আসন উপলব্ধ না থাকে, তাহলে আবেদনকারীদেরকে অপেক্ষা তালিকায় রাখা হবে।

প্রতিটি এলিমেন্টারি থিম স্কুলের জন্য উপলব্ধ আসন সংখ্যা ফীডার স্কুলগুলির মধ্যে বিতরণ করে দেওয়া হয় যেটি আবার কোন স্কুলের বেশি ভর্তির চাপ বা স্থানাভাব থাকার দরুণ সহায়তার দরকার পড়বে তার উপর নির্ভরশীল। যথেচ্ছ লটারি করে নির্বাচনের সময় শিক্ষার্থীদেরকে মূলতঃ তিনটি গোষ্ঠীতে ফেলা হবে, যার মধ্যে থিম কর্মী, ভাইবোন এবং অবাধ গোষ্ঠীগুলি অন্তর্ভুক্ত রয়েছে। প্লেসমেন্ট না পাওয়া আবেদনকারীদেরকে যথেচ্ছ লটারিতে নির্বাচন প্রক্রিয়ায় নির্বাচিত হওয়ার ক্রম অনুসারে অপেক্ষা তালিকায় রাখা হবে। নির্বাচনের এই নির্দেশিকাগুলি প্রিকিন্ডারগার্টেন প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

মিডল থিম স্কুল
প্রত্যেক স্কুল বর্ষে থিম স্কুল পিছু মোট আসন সংখ্যা গ্রেড স্তর পিছু কত হবে তা লটারির আগে নির্ধারণ করা হয়।

বোর্ড নীতি JBCC-র উপর নির্ভর করে, পূর্ণ সময়ের কর্মীদের গ্রেড 6-8-এ পড়া সন্তানরা আসন উপলব্ধ হলেই তাতে স্থান পাবে। যদি কর্মীদের সব সন্তানের জন্য আসন উপলব্ধ না থাকে, তাহলে আবেদনকারীদেরকে অপেক্ষা তালিকায় রাখা হবে।

থিম মিডল স্কুলের ষষ্ঠ গ্রেডের মোট জনসংখ্যার 50% ভর্তি করার জন্য উপলব্ধ আসনগুলির সমান অংশ প্রত্যেকটি থিম স্কুলের জনসংখ্যার মধ্যে বিতরণ করা হবে। অবাধে ষষ্ঠ গ্রেডের আবেদনকারীরা তাদের ঘরের মিডল স্কুল উপস্থিতির অঞ্চল থেকে উপলব্ধ আসনের বাকি অর্ধেক পূর্ণ করবে। সপ্তম ও অষ্টম গ্রেডের আবেদনকারীদের কাছে অবাধে ঘরের মিডল স্কুল উপস্থিতির অঞ্চল থেকে উপলব্ধ আসনের অর্ধেক পূর্ণ করার বিকল্প দেওয়ার জন্য 50%-50% বিতরণ ব্যবস্থার সদ্ব্যবহার করা হয়। অবাধে সপ্তম ও অষ্টম গ্রেডের আবেদনকারীরা তাদের ঘরের মিডল স্কুল উপস্থিতির অঞ্চল থেকে উপলব্ধ আসনের বাকি অর্ধেক পূরণ করবে। লটারি নির্বাচন প্রক্রিয়া চলাকালীন শিক্ষার্থীদেরকে চারটি গোষ্ঠীতে স্থাপন করা হবে, যার মধ্যে থিমের কর্মী, বর্তমানে থিম শিক্ষার্থী হিসাবে ভর্তি ছাত্রছাত্রীদের ভাইবোন, আগের থিম শিক্ষার্থী ও অবাধ শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত রয়েছে। উপলব্ধ থিম এবং অবাধে প্রাপ্ত আসনগুলি অংশগ্রহণকারী মিডল স্কুলের মধ্যে বিতরণ করা হয়। অসম সংখ্যক আসন উপলব্ধ হলে; বাকি আসনগুলি স্থানাভাব বা ভর্তির চাপের জন্য সবথেকে বেশি প্রয়োজনীয়তা থাকা ক্ষেত্রগুলির মধ্যে বিতরণ করা হবে। যদি কোন থিম স্কুলের একটি বা সব গ্রেডের ক্ষেত্রে ফীডার স্কুলের পরিকল্পিত উপলব্ধ আসন সংখ্যার থেকে আবেদনকারীর সংখ্যা বেশি হয়ে যায় তাহলে একটি স্বয়ংক্রিয় যথেচ্ছ লটারি/নির্বাচন প্রক্রিয়া সম্পাদন করা হবে।

অপেক্ষা তালিকা
একবার সব আসনগুলি পূর্ণ হয়ে গেলে, স্বয়ংক্রিয় নির্বাচনের সময় যেসব আবেদনকারীদের প্লেসমেন্টের জন্য নির্বাচন করা হয়নি তাদেরকে স্বয়ংক্রিয় নির্বাচন প্রক্রিয়ায় তোলা নম্বরের ক্রম অনুসারে অপেক্ষা তালিকায় রাখা হবে। যদি লটারি করার পরে অতিরিক্ত আসন উপলব্ধ হয়, তাহলে মনোনীত অপেক্ষা তালিকা থেকে (গ্রেড লেভেল পিছু, ফীডার স্কুল পিছু) আবেদনকারী নিয়ে আসনগুলি পূর্ণ করা হবে। অপেক্ষা তালিকাটি থিম স্কুলগুলির স্বয়ংক্রিয় যথেচ্ছ লটারি/নির্বাচন প্রক্রিয়ার তারিখ থেকে **31 আগস্ট, 2021** পর্যন্ত প্রযোজ্য হবে। অপেক্ষা তালিকাটি স্কুল চয়েস প্রোগ্রামস অফিসে ঝোলানো হবে। **31 আগস্ট, 2021**-এর পরে আর কোন শিক্ষার্থীকে স্থান দেওয়া হবে না। **তবে, জর্জিয়া প্রিকিন্ডারগার্টেন প্রোগ্রামের জন্য স্টেটের নির্দেশিকার ভিত্তিতে আসন উপলব্ধ হলে পুরো স্কুল বর্ষ জুড়েই অপেক্ষা তালিকায় থাকা প্রিকিন্ডারগার্টেন আবেদনকারীদেরকে স্থান দেওয়া হবে।**

বিজ্ঞপ্তির প্রক্রিয়া
থিম স্কুলের লটারিতে নির্বাচিত আবেদনকারীদের কাছে বিজ্ঞপ্তি পাঠানো হবে। বিজ্ঞপ্তিটিতে বাবা-মাদেরকে নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ করার পদ্ধতির ব্যাপারে জানানো হবে। যদি বাবা-মা/অভিভাবক কোন কারণে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতে ব্যর্থ হন, তাহলে সন্তানের নামটি শ্রেণীর তালিকা থেকে সরানো হবে। স্কুল চয়েস প্রোগ্রামে উপস্থিত থাকতে নির্বাচিত সব শিক্ষার্থীদের ক্ষেত্রেই নিম্নলিখিত নির্দেশিকাগুলি প্রযোজ্য হবে।

- ⇒ যদি শিক্ষার্থীকে যে গ্রেড লেভেলের জন্য নির্বাচন করা হয়েছে সেই লেভেলের জন্য শিক্ষার্থী ক্লাসে ওঠার প্রয়োজনীয়তা পূরণ না করে, তাহলে শিক্ষার্থীর প্লেসমেন্ট বাতিল করা হবে। আসনটি অপেক্ষা তালিকায় থাকা পরবর্তী যোগ্য আবেদনকারীকে দেওয়া হবে।
- ⇒ প্লেসমেন্ট ধরে রাখার জন্য শিক্ষার্থীদেরকে আবশ্যিকভাবে মনোনীত থিম স্কুলের প্রথম দিনে উপস্থিত থাকতে হবে। অপেক্ষা তালিকা থেকে শূন্য আসনগুলি পূরণ করা হবে।
- ⇒ **31 আগস্ট, 2021**-এর পরে কোন নতুন শিক্ষার্থীকে ভর্তি নেওয়া হবে না। নির্বাচিত না হওয়া শিক্ষার্থীরা 2020 - 2021 স্কুল বর্ষের জন্য আবার আবেদন করতে পারে। **জর্জিয়া প্রিকিন্ডারগার্টেন প্রোগ্রামের জন্য স্টেটের নির্দেশিকার ভিত্তিতে আসন উপলব্ধ হলে পুরো স্কুল বর্ষ জুড়েই অপেক্ষা তালিকায় থাকা প্রিকিন্ডারগার্টেন আবেদনকারীদেরকে স্থান দেওয়া হবে। 2021 - 2022** স্বয়ংক্রিয় যথেচ্ছ লটারি নির্বাচন প্রক্রিয়ার সময়ে তাদের অপেক্ষা তালিকায় থাকা নম্বরটিও অন্তর্ভুক্ত থাকবে। অনলাইন আবেদনকারীরা স্কুল চয়েস প্রোগ্রামস অনলাইন অ্যাকাউন্টে লগ ইন করে তাদের অপেক্ষা তালিকার স্থিতি দেখতে পারেন।
- ⇒ নির্বাচিত আবেদনকারীদেরকে প্রোগ্রামে রেজিস্ট্রেশনের সময়সীমার মধ্যেই কোন প্রোগ্রামে প্রস্তাবিত প্লেসমেন্ট গ্রহণ বা খারিজ করতে হবে।

বিধিবদ্ধ সতর্কীকরণ

DeKalb County School District (DCSD) এই প্রকাশনার বিষয়ে যে কোনো বিবৃতি পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে রেখেছে, কিন্তু তা নিয়ম, নীতি, পদ্ধতি, প্রোগ্রামের নির্দেশ, তারিখ, পাঠ্যক্রম এবং কোর্সের অগ্রিম নোটিশ বা বাধ্যবাধকতায় সীমিত নয়।

DCSD অপ্রত্যাশিত পরিস্থিতিতে শিক্ষার্থীদেরকে যে কোনো স্কুল চয়েস প্রোগ্রামে শিক্ষার্থীদের পাঠানোর অধিকার সংরক্ষণ করে রেখেছে।

এই তথ্যপত্রক পড়তে ব্যর্থ হলে এখানে উল্লিখিত বিধি ও আবশ্যকতা অজানা বলে শিক্ষার্থী ও পিতামাতারা অজুহাত দিতে পারবেন না।

DeKalb কাউন্টির শিক্ষাপর্ষদের নীতি অনুসারে বয়স, লিঙ্গ, জাতি, বর্ণ, ধর্ম, জাতীয় উতস, অক্ষমতা বা প্রতিবন্ধীদের প্রতি শিক্ষাগত প্রোগ্রাম, কার্যকলাপ বা কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্য করা যাবে না।

DeKalb County
School District